328

দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL. 1 5 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষা কার্যক্রম জোরদারে ঢাবির বিশেষ সিনেট অধিবেশনের সিদ্ধান্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে আরও উন্নত এবং আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে বিস্তারিত আলোচনার জন্য সিনেটের বিশেষ অধিবেশন অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয় সিনেটের ১৯৯৯ সালের বার্ষিক অধিবেশরনের সমাপনী অনুষ্ঠানে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত হয়। অধিবেশনে শহীদ মিনার রক্ষণা-বেক্ষণের জন্য চার সদস্যের কমিটি গঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সিনেট সভাপতি অধ্যপক এ.কে আজাদ চৌধুরী সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করেন। সমাপনী অধিবেশনে উপাচার্যের অভিভাষণ এবং বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ অর্থ বছরের উপস্থাপিত বাজেটের উপর আলোচনা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও ভারপ্রাপ্ত কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ শাহাদত আলী গত ২৭ জুন সিনেট অধিবেশনের উদ্বোধনী দিনে ৭৩ কোটি ৭১ লাখ টাকার বাজেট পেশ করেন।